



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
সমাজসেবা অধিদফতর
dss.sylhetdiv.gov.bd

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৪১৮

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ পরিদর্শনে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন।

সূত্র: বিভাগীয় সমাজসেবা কার্যালয় এর ১২ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিদর্শন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১২ সেপ্টেম্বর ২০২৩ তারিখে উপজেলা সমাজসেবা কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব এস.এম. মোক্তার হোসেন, সহকারী পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট ও জনাব মোঃ গিয়াস উদ্দীন উপজেলা সমাজসেবা অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ উপস্থিত ছিলেন। পরিদর্শনের প্রেক্ষিতে বিভাগীয় সমাজসেবা অফিসের পর্যবেক্ষণ ও নির্দেশনা নিম্নে তুলে ধরা হলো:

ক. অত্র উপজেলায় ইউনিয়ন ০৬ টি; কোন ইউনিয়নে ইউনিয়ন সমাজসেবা কক্ষ নেয়া হয়নি। সিটিজেন চার্জার, অর্গানোগ্রাম আছে। কর্মকর্তার কার্যকাল বোর্ড পুরাতনটি প্রস্তুত করা হয়নি। তথ্য অধিকার বোর্ড পৃথক লাগবে। ওয়েবসাইড হালনাগাদ নাই। আগামী ১ সপ্তাহের মধ্যে হালনাগাদ করতে হবে। এই উপজেলায় ডি-নথি তে পত্র জারী হয়না। ০১.১০.২০২৩ হতে দপ্তরের সকল পত্র ডি-নথিতে জারী করতে হবে। উপজেলা শিশু কল্যাণ বোর্ড মিটিং হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা কমিটির মিটিং হয় না যা অবিলম্বে করতে হবে।

খ. অত্র উপজেলা সমাজসেবা অফিসার-১, ফিল্ডসুপারভাইজার-০১, ইউনিয়ন সমাজকর্মী-০২, কারিগরী প্রশিক্ষক-০১, অফিস সহকারী-০১ ও অফিস সহায়ক-০১ সহ কর্মরত আছেন ০৭ জন। সহকারী সমাজসেবা অফিসার-০১, ইউনিয়ন সমাজকর্মী-০৩, কারিগরী প্রশিক্ষক-০২, নৈশ গ্রহরী-০১ তথা ০৭টি শূন্য আছে। জনবল শূন্যতার কারণে মাঠ কার্যক্রম বাস্তবায়ন ব্যাহত হচ্ছে। এই অফিসে ডেক্সটব ০১টি এবং লেপটব ০৩টি সচল। প্রিন্টার ০২টি (CTM-প্রিন্টার নষ্ট) ও স্কেনার আছে।

গ. সামাজিক নিরাপত্তা খাতে এই দপ্তরের অধীন বয়স্কভাতা-৪৪৫৯, বিধবাভাতা-১৭১৫, প্রতিবন্ধী ভাতা-২০০৯, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি-১০১, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা-১৯। সকল ইউনিয়নে লাইভ ভেরিভিকেশন শতভাগ সম্পন্ন হয়েছে। তবে যারা ভেরিফাইড তাদের পে-রোল সেপ্টেম্বর, ২০২৩ মাসে প্রেরণ করতে হবে।

ঘ. ক্যান্সার, কিডনী...রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির অনুদানের চেক পেয়েছে অদ্যাবধি ৬২ জন বর্তমানে ২৫টি দরখাস্ত পেন্ডিং। মোট ভিক্ষুক ১৩২ জন, পুনর্বাসিত ৪২ জন। ব্যাংকে গচ্ছিত ২ লক্ষ ১০ হাজার টাকা। অত্র উপজেলায় রোগী কল্যাণ সমিতির তহবিলে ৭ লক্ষ ৯২ হাজার টাকা। DIS কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন হচ্ছে কালার প্রিন্টার ও উপজেলা সমাজকল্যাণ কমিটিতে ৩,০০,৩৬৫ টাকা গচ্ছিত আছে।

ঙ. এই উপজেলায় ক্ষুদ্রঋণ ও আর্থ-সামাজিক কার্যক্রম নিম্নরূপ:

১. আরএসএস (সুদমুক্ত ক্ষুদ্রঋণ): বিনিয়োগের ব্যাংকে গচ্ছিত ২৫২৮১৪০ টাকা, মাঠে অনাদায়ী বিনিয়োগপর্বে ৩৩,৮৩,২৭০ টাকা। পুনঃবিনিয়োগপর্বে ১৭,৫৩,০৭০ টাকা। গত মাসে আদায় বিনিয়োগ ৫৬,১০০ টাকা। পুনঃবিনিয়োগ ২৫,৯৬০ টাকা।

২. আরএসএস (শুরু-৬ষ্ঠপর্ব): বিনিয়োগযোগ্য ব্যাংকে গচ্ছিত ১২,৩৫,২৬৬ টাকা; মাঠে অনাদায়ী বিনিয়োগপর্বে ৪,৮৫,৫৯৫ টাকা, পুনঃবিনিয়োগ ১১,৩৫,২৬৬ টাকা। গত মাসে আদায় নাই।

৩. পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম: বিনিয়োগের ব্যাংকে গচ্ছিত ৪,০৮,৭০০ টাকা। মাঠে অনাদায়ী বিনিয়োগপর্বে ৩,২৬,৫৯০ টাকা। পুনঃবিনিয়োগ ২,২৬,১৬০ টাকা, গতমাসে বিনিয়োগের আদায় ৫৫০ টাকা। মাতৃকেন্দ্রে প্রশিক্ষণখাতে ৫০,০০০ টাকা বরাদ্দ।

৪. দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কার্যক্রম: বিনিয়োগের ব্যাংকে গচ্ছিত ৪১,৮৮০ টাকা। মাঠে অনাদায়ী বিনিয়োগ ৯,৩৪,৩৯৫ টাকা। পুনঃবিনিয়োগ ৪,৩৩,৯১০ টাকা।

পর্যবেক্ষণ: এই উপজেলা গত বছর পরিদর্শন করে যে নির্দেশনা দেয়া হয়েছে তা এক বছর পেরিয়ে গেলেও সমাজসেবা অফিসার কিছুই বাস্তবায়ন করেননি। মাঠে প্রচুর অনাদায়ী সরকারি অর্থ থাকলেও আদায়ের কোন উদ্যোগ নাই। সমাজসেবা অফিসার তাঁর অধীন কর্মচারীদের কাজের তদারকি, দায়িত্ব পালনে নির্দেশনা ও অফিসের সার্বিক কাজ মনিটরিং ইত্যাদি বিষয়ে উদাসীন। পরিকল্পিত উপায়ে সরকারি অফিস পরিচালনায় কর্মকর্তার যথেষ্ট দায়িত্বহীনতা পরিলক্ষিত হয়েছে। ৩১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে সকল পেন্ডিং কাজ শতভাগ সমাপ্তকরণে সমাজসেবা অফিসারকে তাগিদ দেয়া হয়েছে।

এমতাবস্থায় যাবতীয় দাপ্তরিক ও মাঠ কার্যক্রম যথাসময়ে শতভাগ সম্পন্ন করতে জরুরী নির্দেশনা প্রদান, ডি নথিতে দাপ্তরিক কাজ চালু ও ওয়েবসাইট হালনাগাদ করা এবং নিয়মিত মনিটরিং ও সুপারভিশনের মাধ্যমে সকল খাতে বিনিয়োগ/পুনঃবিনিয়োগ ও আদায় শতভাগ নিশ্চিত করাসহ উকারভোগীর বিপরীতে বরাদ্দকৃত ব্যাংকে গচ্ছিত সকল কর্মসূচীর অর্থ শতভাগ বিতরণ/ব্যয় করার যথাযথ পদক্ষেপ গ্রহণে আপনাকে অনুরোধ করা হলো।



২৬-০৯-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৪১৮/১ (৪)

১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ২। পরিচালক(প্রশাসন ও অর্থ/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা এবং
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।



২৬-০৯-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)